

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ৯ ডিসেম্বর, ২০১৫ ২৩:৩২

মাস্তানি করলেই সাইজ | নিজস্ব প্রতিবেদক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, আপনারা আমাকে দায়িত্ব দিয়েছেন। আমি জনগণের প্রতিনিধি। দায়িত্বশীল হিসেবে আমি দায়িত্বে অবহেলা পছন্দ করি না। সে কারণে কাজে আরও স্বচ্ছতা আনার জন্য আমি দায়িত্ব গ্রহণের পরই ১৬৯ জনকে বদলি করেছি। আর এভাবে যে-ই মাস্তানি করবে তাকেই সাইজ করে দেওয়া হবে। গতকাল রাজধানীর মোহাম্মদপুরের একটি কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

‘সার্বিক আইনশৃঙ্খলা রক্ষা, জনগণের চলাচলে ফুটপাথ দখলমুক্তকরণ, মাদক-সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূলে জনগণের ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার লক্ষ্যে’ মতবিনিময় সভার আয়োজন করেন স্থানীয় এমপি ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক। সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা লে. কর্নেল (অব.) ফারুক খান এমপি। আনিসুল হক বলেন, চাইলেই কিন্তু আমি পারি রাজধানীর ফুটপাথ দখলমুক্ত করতে। কিন্তু ছুটহাট করে তা করতে চাই না। কারণ এই ফুটপাথ দখলের পেছনে যেমন প্রভাবশালীদের হাত রয়েছে তেমনি খেটে খাওয়া ও ক্ষুদ্র ব্যবসায়ীদেরও জীবিকা নির্বাহের বিষয় রয়েছে। তাই আন্তে ধীরে তাদের পুনর্বাসনের মাধ্যমে একটি স্থায়ী সমাধানে ফুটপাথ দখল মুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করছি। মতবিনিময় সভায় স্থানীয় কাউন্সিলরসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাদের সমস্যার কথা তুলে ধরেন। এসবের পরিপ্রেক্ষিতে মেয়র ইতিমধ্যে সম্পন্ন বিভিন্ন কর্মকাণ্ড ও ভবিষ্যৎ কর্ম পরিকল্পনার কথা তুলে ধরেন। তিনি বলেন, আমরা ঢাকার সৌন্দর্য বাড়াতে চাই। এ জন্য পরিকল্পনামাফিক কাজও চলছে। রাজধানীর ৫৬টি ফুটওভার ব্রিজকে ফুল দিয়ে সাজানো হচ্ছে। সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনায় ৭২টি মিডট্রান্সফার স্টেশন করছি। আগামী ২০-২৫ দিনের মধ্যে অবৈধ বিলবোর্ডগুলোও আর থাকবে না। রাতের

ঢাকা যেন দিনের মতোই আলোকিত দেখা যায় সেজন্য পুরো রাজধানীকে এলইডি লাইটের আওতায় নিয়ে আসা হচ্ছে। সন্লাস ও জঙ্গিবাদ রুখতে পুরো উত্তর সিটিকে সিসিটিভি ক্যামেরার আওতায় আনা হচ্ছে। আগামী জুনের মধ্যেই এসব উন্নয়ন কার্যক্রম দৃশ্যমান হবে বলে জানান মেয়র।

মতবিনিময় সভায় আরও বক্তব্য রাখেন ডিএমপির তেজগাঁও বিভাগের এডিসি ওয়াহেদুল ইসলাম, এডিসি (ট্রাফিক) সাইফুল হক, শেরেবাংলা নগর থানা, আদাবর ও মোহাম্মদপুর থানার ওসি, স্থানীয় কাউন্সিলর ও নেতৃস্থানীয় ব্যক্তির।